12 AUG 199[illegible]
তারিখ ...
পৃঃ ৭ কলাম ৪

দৈনিক সংবাদ

# প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কলেজে ভর্তির নিয়ম বদলে যাচ্ছে

## ❑ ভর্তি পরীক্ষা দিতে হবে সবাইকে

রাশেদ আহমেদ ॥ শুধু প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি পদ্ধতি উঠে যাচ্ছে। এ বছর থেকে ভর্তি পরীক্ষা ও ছাত্রছাত্রীদের বোর্ডের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে মেধা যাচাইয়ের মাধ্যমে কলেজে ভর্তি করার নিয়ম চালু হচ্ছে। এক্ষেত্রে প্রাপ্ত নম্বরের জন্য থাকবে অর্ধেক নম্বর, বাকি অর্ধেক আসবে প্রতিযোগিতামূলক পরীক্ষা থেকে। এছাড়া পুরনো সিলেবাসে এসএসসি পরীক্ষা দিয়ে যেসব ছাত্রছাত্রী অকৃতকার্য হয়েছে তাদের আগামী বছর শেষবারের মতো আবার পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হচ্ছে। গতকাল শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত হয়েছে।

৮টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের নিয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষা সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব ও উপ-সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ে প্রায় ৪ ঘন্টাব্যাপী এ সভায় বোর্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। সভার সংশ্লিষ্ট সূত্র এ তথ্য জানিয়েছে।

সূত্র জানায়, নম্বরের ভিত্তিতে কলেজে ভর্তি পদ্ধতি নিয়ে সভায় ব্যাপক আলোচনা হয়। এ পদ্ধতির বিভিন্ন সমস্যা তুলে ধরেন অনেকে। তারা বলেন, কলেজ পর্যায়ে ভর্তি পরীক্ষায় অনিয়ম ও দুর্নীতির অভিযোগে নম্বরভিত্তিক ভর্তির পদ্ধতি চালু করা হয়েছিল বিগত বিএনপি সরকারের আমলে।

মন্ত্রণালয়ের সিদ্ধান্তে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় নিয়ম ঃ পৃঃ ১১ কঃ ১

## নিয়ম ঃ বদলে যাচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই শুধু পরীক্ষার্থীদের মেধা যাচাই করা হচ্ছে। কিন্তু এতে অনেক সমস্যা রয়েছে। অনেক মেধাবী ছাত্রছাত্রী এতে বঞ্চিত হচ্ছে। সভায় যুক্তি দেখানো হয়, কোন মেধাবী শিক্ষার্থী দুর্ভাগ্যবশত বোর্ডের পরীক্ষায় সামান্য খারাপ করে। প্রাপ্ত নম্বর কম হওয়ায় সে কোন ভাল কলেজে ভর্তি হতে পারে না। আবার মফস্বলে নকলের সুযোগে অনেক পরীক্ষার্থী বেশি নম্বর পেয়ে ভাল কলেজে ভর্তির সুযোগ পায়। এ ক্ষেত্রে পিছিয়ে পড়ে অনেক মেধাবী ছাত্রছাত্রী।

এসব বিশ্লেষণের পর আলোচনা হয়, শুধু নম্বর বা শুধু ভর্তি পরীক্ষার ভিত্তিতে নয়- দুটির সমন্বয়েই ভর্তির নিয়ম চালু হলে একটি সুষ্ঠু পরিস্থিতি দাঁড়াবে। পরে সিদ্ধান্ত হয়, পরীক্ষার্থীদের বোর্ডে প্রাপ্ত নম্বর থেকে ৫০ ভাগ নিয়ে বাকি ৫০ ভাগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং দুটির সমন্বয়ে মেধা যাচাইয়ের মাধ্যমে ভর্তি পদ্ধতি চালু করা হবে। এ ব্যাপারে নির্দিষ্ট পদ্ধতি প্রণয়ন করে পরে একটি সার্কুলার জারি করা হবে বলে সূত্র জানায়। সভায় আরো আলোচনা হয়, পুরনো সিলেবাসে যারা এবার এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়েছে তাদের আরেকবার পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া যেতে পারে। কারণ বোর্ডের নিয়ম রয়েছে ঃ কোন ছাত্রছাত্রী একবার রেজিস্ট্রেশন করে পরপর তিনবার পরীক্ষায় অংশ নিতে পারে। এ বছরই যদি পুরনো সিলেবাসে পরীক্ষা দেয়া বাতিল করে দেয়া হয়, তাহলে এই সিলেবাসের পরীক্ষার্থীরা পরপর দুবার পরীক্ষা দেয়ার সুযোগ পাচ্ছে; কারণ নতুন সিলেবাসে এ বছরই পরীক্ষা হয়েছে। গত বছরের অকৃতকার্য ছাত্রছাত্রীদের এবার পুরনো সিলেবাসে পরীক্ষা নেয়া হয়েছে। ৫টি বোর্ডের সিদ্ধান্ত ছিল এ বছরই পুরনো সিলেবাসে শেষ পরীক্ষা।

এ বিষয়টি পুনর্বিবেচনা করার জন্যে সভায় ৫টি বোর্ডের চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হয়।